# সৌদি অবরোধ উপেক্ষা করে কাতার-ওমানের সমঝোতা

**দোহা, এএফপি, ২৯ জানুয়ারি :** সৌদি আরব নেতৃত্বাধীন চারটি আরব দেশের অবরোধ উপেক্ষা করে কাতারের সঙ্গে একটি সমঝোতা স্মারক সই করেছে প্রতিবেশী ওমান। এর আওতায় দেশটি কাতারের সঙ্গে বাণিজ্য ও বিনিয়োগ বাড়াবে।

ওমানের সরকারি বার্তা সংস্থা ওএনএ জানিয়েছে, গতকাল রবিববার রাজধানী মাসকাটে এ সমঝোতা স্মারক সই হয়। ওএনএ'র খবর অনুযায়ী, এমওইউ সইয়ের ফলে দু'দেশের মধ্যে খাদ্য উৎপাদন-সহ বেশ কিছু খাতে ব্যাপকভিত্তিক সহযোগিতা প্রতিষ্ঠিত হবে এবং ওমানে উৎপাদিত খাদ্য কাতারে রফতানি করা হবে।

ওমানের কৃষিমন্ত্রী ফুয়াদ আস-সাজওয়ানি বলেন, এর সমঝোতা স্মারক এ বার্তা দিচ্ছে যে, কাতার এবং ওমানের মধ্যে দৃঢ় সম্পর্ক রয়েছে। কাতারি প্রতিনিধিদলের প্রধান পৌর ও পরিবেশ বিষয়ক মন্ত্রী মুহাম্মাদ বিন আব্দুল্লাহ আর-রুমাইহি দুই দেশের কৌশলগত সম্পর্কের প্রশংসা করেন।

প্যালেস্তাইনের হামাস ও লেবাননের হিজবুল্লাহ-সহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন রাজনৈতিক সংগঠন ও ইরানের সঙ্গে সম্পর্ক রাখার দায়ে গত ৫ জুন সৌদি আরব, মিশর, বাহরাইন ও সংযুক্ত আরব আমিরাত কাতারের ওপর সর্বাত্মক অবরোধ আরোপ করে। এ দেশগুলো কাতারকে সন্ত্রাসবাদের প্রতি সমর্থন দেয়ার জন্য অভিযোগ করছে। তবে কাতার সে অভিযোগ নাকচ করেছে এবং সৌদি চাপের কাছে নতিস্বীকার করবে না বলেও জনিয়েছে।

# কাবুলের সেনা আকাদেমিতে জঙ্গি হামলায় নিহত ১১

**কাবুল, এএফপি, ২৯ জানুয়ারি :** আফগান-ই-স্তানের রাজধানী কাবুলে ফের সন্ত্রাসবাদী হামলা। সোমবার স্থানীয় সময় ভোর পাঁচটার দিকে এই হামলা চলে। কাবুলের দ্য মার্শাল ফাহিম ন্যাশনাল ডিফেন্স ইউনিভার্সিটিতে রকেট হামলা চালায় জঙ্গিরা। এখনও পর্যন্ত ১১ জন সেনা জওয়ান নিহত হয়েছেন বলে খবর। জখমের সংখ্যা ১৬ বলে জানা গিয়েছে।

সকাল থেকেই ওই সেনা আকাদেমির ভেতর থেকে গোলাগুলির আওয়াজ পেতে থাকেন স্থানীয় বাসিন্দারা। আকাদেমিটি কাবুল সিটি সেন্টারের পশ্চিম দিকে অবস্থিত। ঘটনাস্থল দফায় দফায় বিস্ফোরণ ও মুহুর্মুহু গুলির শব্দ শোনা গিয়েছে। প্রথমে বিশ্ববিদ্যালয় লক্ষ্য করে রকেট ছোঁড়া হয় বলে খবর।তবে ইসলামিক স্টেট, না তালিবান-কারা এই হামলা চালায়, সে বিষয়ে এখনও নিশ্চিত হওয়া যায়নি। সূত্রের খবর, এই আফগান সেনা আকাদেমি বহুদিন ধরেই জঙ্গি সংগঠনগুলোর নিশানায় ছিল। গত বছরের অক্টোবরেই এই মার্শাল ফাহিম সামরিক আকাদেমির বাইরে এক বিস্ফোরণে ১৫ জন সামরিক ক্যাডেট নিহত হন।

অবশেষে, টানা ৫ ঘণ্টা পর জঙ্গিমুক্ত হল কাবুলের ফাহিম সামরিক বিশ্ববিদ্যালয়। খতম হয়েছে ৪ জঙ্গি। সংঘর্ষে নিহত হয়েছেন ১১ জওয়ান। জখম হয়েছেন ১৬ জওয়ান। একথা জানিয়েছেন কাবুল পুলিস প্রধানের দপ্তরের মুখপাত্র বশির মুজাহিদ। আফগান প্রতিরক্ষা মন্ত্রকের মুখপাত্র দৌলত ওয়াজিরি বলেছেন, দুই আত্মঘাতী জঙ্গি বিশ্ববিদ্যালয় চত্বরের বাইরে গেটের সামনে নিজেদের উড়িয়ে দেয়। দু'জনকে খতম করে সেনা।



কাবুলের সেনা আকাদেমিতে জঙ্গি হামলার পর সেনাবাহিনীর তৎপরতা

একজন গ্রেপ্তার হয়েছে।

এর আগে, শনিবার কাবুলে বিস্ফোরক ভরতি অ্যাম্বুলেন্স নিয়ে আত্মঘাতী হামলার রেশ কাটতে না কাটতেই এই হামলার ঘটনা ঘটল। জঙ্গিগোষ্ঠী তালিবানের ওই হামলায় ১০০ জন নিহত ও দেড়শোরও বেশি মানুষ আহত হন। সম্প্রতি ইসলামিক স্টেট ও তালিবানরা আফগান-ই-স্তানে হামলার পরিমাণ বাড়িয়েছে। শনিবারের আত্মঘাতী হামলার এক সপ্তাহ আগে কাবুলে আরেকটি হামলায় ২২ জন নিহত হন, যাদের বেশিরভাগই বিদেশি। তালিবান দুটি হামলার দায়ই স্বীকার করে।

কাবুলের সেনা আকাদেমিতে হামলায় নিহত জঙ্গিদের কাছ থেকে একটি রকেট, দুটি একে৪৭, একটি বিস্ফোরকবোঝাই জ্যাকেট উদ্ধার করেছে সেনা। সোমবার স্থানীয় সময় ভোর ৫টা নাগাদ বিশ্ববিদ্যালয়ে হামলা চালায় পাঁচ জঙ্গি। পরে নিজেদের মুখপত্র আমাক-এ ফাহিম সামরিক বিশ্ববিদ্যালয়ে হামলার দায় স্বীকার করেছে আইএস জঙ্গি গোষ্ঠী। আফগান কূটনীতিক মজিদ কারার এদিন টুইটারে দাবি করেন, হামলাকারী জঙ্গিদের ব্যবহৃত অস্ত্রে পাক সেনার হাতের ছাপ মিলেছে। অস্ত্রগুলি পাক সেনা একসময় লস্কর ও তালিবান জঙ্গিদের সরবরাহ করেছিল। সন্ত্রাস ছড়ানোর দায় নিতেই হবে পাক-ই-স্তানকে, দাবি কারারের।

# মেক্সিকোতে ৭ ফুটবল সমর্থককে গুলি করে হত্যা

**মেক্সিকো সিটি, এএফপি, ২৯ জানুয়ারি :** ফুটবল ম্যাচ দেখার সময় মেক্সিকোতে অন্তত ৭ ব্যক্তিকে গুলি করে হত্যা করা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। খবরটি জানিয়ে একটি সূত্র বলেছে, দেশটিতে দুই দশকের ম্যধ্যে হত্যাকান্ডের ঘটনা সবচেয়ে বেশি বৃদ্ধি পেয়েছে।

মন্টেরিতে এই হত্যাকান্ডের ফলে গত বছরে দেশটিতে ২৫ হাজারেরও বেশী লোক হত্যাকান্ডের শিকার হন। দেশের উত্তরপূর্ব অঞ্চলের একটি শিল্পাঞ্চলে এই ঘটনাটি ঘটেছে।

স্থানীয় প্রসিকিউটর অফিসের একটি সূত্র বার্তা সংস্থা এএফপিকে বলেন, হঠাৎ করে ৪ বন্দুকধারী শহরের একটি বাড়িতে প্রবেশ করে ফুটবল ম্যাচ দেখায় মগ্ন আনুমানিক ২০ দর্শককে ভয় ভিতি দেখাতে থাকে। প্রত্যক্ষদর্শীর বরাত দিয়ে সুত্রটি জানায়, এ সময় তারা গুলিবর্ষণ শুরু করলে অনেকেই আত্মরক্ষার্থে শৌচালয়ে গিয়ে আশ্রয় নেয়।

সাম্প্রতিক বছর গুলোতে এই শহরটি মাদক সংক্রান্ত সহিংসতায় আক্রান্ত হয়ে পড়েছে। সহিংসতা বেড়ে যাওয়ায় ২০০৬ সালে সরকার শহরটিতে একটি বিতর্কিত মাদক বিরোধী সামরিক অভিযান পরিচালনা করেছিল। তবে সেটি ব্যপক সমালোচনার মুখে পড়েছিল। বাসস।

উল্লেখ্য, মেক্সিকোতে গত বছর ২৫ হাজারেরও বেশি খুনের ঘটনা রেকর্ড করা হয়েছে। এসব খুনের একটি বড় অংশ বিভিন্ন মাদক পাচার ও উৎপাদনকারী চক্রের কারণে ঘটছে বলে জানা গেছে। আগামী জুলাইতে মেক্সিকোর পরবর্তী প্রেসিডেন্ট নির্বাচন। নির্বাচনের প্রধান ইস্যু সহিংসতা। সর্বশেষ জনমত সমীক্ষায় দেশটির প্রেসিডেন্ট এনরিকে পেনা নিয়েতোর নেতৃত্বাধীন ইনস্টিটিউশনাল রেভ্যুলুশনারি পার্টি তৃতীয় অবস্থানে ছিল। মেক্সিকোতে যেসব এলাকায় খুন রেকর্ড পরিমাণ বৃদ্ধি পেয়েছে, সেখানে অপরাধী গোষ্ঠীগুলোর বিরুদ্ধে নতুন করে সেনা অভিযান চালানোর সিদ্ধান্ত নিয়েছে দেশটির সরকার, রবিবার জানিয়েছেন দেশটির কর্মকর্তারা। প্রতিদ্বন্দ্বী মাদক অপরাধী গোষ্ঠীগুলো ক্রমাগত ভেঙে ছোট ছোট দলে পরিণত হওয়া, মাদক অপরাধী চক্রগুলোর বিরুদ্ধে এক দশকেরও বেশি সময় ধরে সামরিক অভিযানের পর আরও বেপরোয়া অপরাধী দলের আবির্ভাব, ইত্যাদি কারণে খুনের সংখ্যা বেড়েই চলেছে।

চলতি মাসের প্রথমদিকে যুক্তরাষ্ট্র মেক্সিকোর কোলিমা, মিচোয়াকান, সিনালোয়া, তামাউলিপাস ও গেররেরো রাজ্যের পরিস্থিতিকে যুদ্ধকবলিত সিরিয়া, আফগান-ই-স্তান ও ইরাকের সঙ্গে তুলনা করে রাজ্যগুলোতে ভ্রমণ সতর্কতা জারি করে।

# নাঙ্গা পর্বতে ২ দিন ঝুলন্ত অবস্থায় থাকার পর উদ্ধার করা হল ফরাসি পর্বতারোহীকে

**ইসলামাবাদ, এএফপি, ২৯ জানুয়ারি :** টানা দু'দিন নাঙ্গা পর্বতের গায়ে ঝুলন্ত অবস্থায় আটকে থাকার পর অবশেষে উদ্ধার হলেন ফরাসি মহিলা পর্বতারোহী। পাক সেনাবাহিনীর দুটি হেলিকপ্টারের সাহায্যে রুশ ও পোলিশ পর্বতারোহীদের চারজনের দলটি ৭,৪০০ মিটার উচ্চতায়, মাইনাস ৬০ ডিগ্রি সেলসিয়াসের কনকনে ঠান্ডায় খুঁজে পায় এলিজাবেথ রিভোলকে। রবিবারই সেকথা ট্যুইট করে জানিয়েছেন পোলিশ পর্বতারোহীরা।



ফ্রস্টবাইটে ভুগতে থাকা এলিজাবেথ আপাতত হাসপাতালে ভরতি। তবে তিনি স্থিতিশীল বলে জানিয়েছেন চিকিৎসকরা। পাক-ই-স্তানের দ্বিতীয় সর্বোচ্চ শিখর, ৮,১২৬ মিটার উঁচু নাঙ্গা পর্বতের উদ্দশ্যে রওনা দিয়েছিলেন এলিজাবেথ রিভোল এবং তাঁর পুরুষসঙ্গী টমাজ ম্যাকিউইকজস। ভয়ঙ্কর খাড়াই ও সদা পরিবর্তনশীল আবহাওয়ার জন্য নাঙ্গা পর্বত খুনি পর্বত বলেও পরিচিত পাক-ই-স্তানে।

শুক্রবার ৭,৪০০ মিটার ওঠার পরই আটকে যান তাঁরা। সেখান থেকেই স্যাটেলাইট ফোনে সাহায্যের বার্তা পাঠান এলিজাবেথ। তখনই ফ্রস্টবাইটে আক্রান্ত হন দু'জন। টমাজের স্নো ব্লাইন্ডনেসও হয়ে গিয়েছিল। সেই বার্তা পেয়ে এলিজাবেথকে খুঁজে পায় পাক সেনার কপ্টার। তারপরই সংলগ্ন কে-টু শিখরের উদ্দেশ্যে যাওয়া পোলিশ পর্বতারোহী দলটিকে তাঁদের উদ্ধারের কথা বলে পাক সেনা। সেই মতো দলটি নাঙ্গা পর্বতের দিকে রওনা দেয়। যদিও টমাজের কোনও সন্ধান মেলেনি। অত্যন্ত খারাপ আবহাওয়া এবং কনকনে ঠান্ডার জন্য অনুসন্ধান বন্ধ করে দেওয়া হয়েছে। তাঁর মৃত্যু হয়েছে ধরে নিয়ে টমাজের আত্মার শান্তি কামনা করেছেন পর্বতারোহীরা।


# ইয়েমেনে সংঘর্ষে নিহত ১৫

**সানা, এএফপি, ২৯ জানুয়ারি :** এডেনে রবিবার প্রচণ্ড সংঘর্ষে অন্তত ১৫ জন নিহত হয়েছে। হাসপাতাল সূত্র একথা জানায়। বিচ্ছিন্নতাবাদীরা সরকারের সদর দফতর দখল নেওয়ার প্রেক্ষাপটে এ সংঘর্ষের ঘটনা ঘটল। এডেনে চারটি হাসপাতাল সূত্র জানায়, নিহতদের মধ্যে ৩জন বেসামরিক নাগরিকও রয়েছে। রবিবার ভোরে প্রেসিডেন্ট মনসুর হাদির অনুগত সামরিক ইউনিটগুলোর সঙ্গে দক্ষিণাঞ্চলীয় বিচ্ছিন্নতাবাদীদের সমর্থিত বাহিনীর মধ্যে এ সংঘর্ষ হয়।

# কম্বোডিয়ায় আটক ১০ বিদেশি

**নমনে, এএফপি, ২৯ জানুয়ারি :** কম্বোডিয়ায় পর্ন ছবি তৈরির দায়ে ১০ বিদেশি নাগরিককে আটক করেছে সেদেশের পুলিশ। এর মধ্যে ৫ জন ব্রিটিশ নাগরিক। তাদের সকলের বিরুদ্ধে অবৈধভাবে যৌন ক্রিয়ার লিপ্ত হওয়ার অভিযোগ আনা হয়েছে। বলা হয়েছে, জনসম্মুখে এ ধরণের কাজ কম্বোডিয়ার সংস্কৃতি বিরুদ্ধ। দেশটির উত্তর-পশ্চিমাঞ্চলীয় সিয়েম রিপের একটি ভিলা থেকে গত বৃহস্পতিবার তাদের আটক করা হয়। অভিযোগ প্রমাণিত হলে তাদের সকলের এক বছর করে জেল হতে পারে।

# ১ মাসের মধ্যেই খোঁজ মিলতে পারে নিখোঁজ এমএইচ৩৭০'এর




**ক্যানবেরা, এএফপি, ২৯ জানুয়ারি:** আগামী এক মাসের মধ্যেই খোঁজ মিলবে এমএইচ ৩৭০ বিমানের ধ্বংসাবশেষের! হ্যাঁ, এমন আশারবাণী শোনাচ্ছে সদ্য বিমানটির তল্লাশির দায়িত্বপ্রাপ্ত অস্ট্রেলিয় দলের সন্ধানীরা। তাঁদের দাবি, এক বারে নির্দিষ্ট এলাকা চিহ্নিত করে খোঁজ চালানো হচ্ছে। আশা করা যাচ্ছে, এক মাসের মধ্যেই খোঁজ মিলবে ২০১৪'য় নিখোঁজ হওয়া বিমানের।

প্রসঙ্গত, ২০১৪-র মার্চে কোয়ালালামপুর থেকে বেজিং যাওয়ার পথে বিমানকর্মী-সহ ২৩৯ জন আরোহীকে নিয়ে রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে যায় এমএইচ ৩৭০ বিমানটি। সেই থেকে টানা অনুসন্ধান চালানো হয়। কিন্তু কণামাত্রও উদ্ধার করতে পারেনি ভারপ্রাপ্ত মার্কিন ও অস্ট্রেলিয়ার অনুসন্ধানকারী দল। গত বছর জানুয়ারিতেই সেই অনুসন্ধান বন্ধ হয়ে যায়। সম্প্রতি অস্ট্রেলিয়ার সবচেয়ে বড় বিজ্ঞান গবেষণা সংস্থা কমনওয়েলথ সায়েন্টিফিক অ্যান্ড ইনডাস্ট্রিয়াল রিসার্চ অরগাইজেশন (সিএসআইআরও)-কে বিমান অনুসন্ধানের দায়িত্ব দেওয়া হয়েছে। চুক্তি অনুসারে একটি বেসরকারি সংস্থাও অনুসন্ধান চালাবে। বিমান খুঁজে বার করতে না-পারলে কোনও পয়সা পাবে না তারা। বিমানের ধ্বংসাবশেষ বা ব্ল্যাকবক্স খোঁজ মিললে তাদের ৭ কোটি মার্কিন ডলার দেওয়া হবে বলে জানানো হয়েছে মালয়েশিয়া সরকারের তরফে। পশ্চিম অস্ট্রেলিয়ার পারথ-এর পশ্চিম-দক্ষিণ পশ্চিমে ২ হাজার কিলোমিটার জুড়ে অনুসন্ধান চালানো হচ্ছে।

সিএসআইআরও-র সমুদ্র গবেষক ডেভিড গ্রিফিন জানিয়েছেন, মালয়েশিয়া সরকার তিন মাস সময় দিয়েছে। সবে প্রথম সপ্তাহ হয়েছে। আশা করছি, এক মাসের মধ্যেই খোঁজ মিলবে এমএই৩৭০ বিমানের।

# ২০১৯'এ ক্যাপসুলে ভরে চাঁদে মানুষ পাঠাবে নাসা

**ক্যালিফোর্নিয়া, এএফপি, ২৯ জানুয়ারি :** আবারো চাঁদে মানুষ পাঠানোর পরিকল্পনা হাতে নিয়েছে যুক্তরাষ্ট্রের মহাকাশ সংস্থা নাসা। আগামী বছরের ডিসেম্বরেই কাজটি করতে চায় তারা। তবে এবার অ্যাপোলো মিশনের সম্পূর্ণ পৃথক এক কায়দায় চাঁদের মিশন সম্পন্ন করবে প্রতিষ্ঠানটি। এবার পৃথক প্রযুক্তিতে তৈরী ওরিওন স্পেস ক্যাপসুলের ভেতর মানুষ ভরে চাঁদের উদ্দেশে নিক্ষেপ করা হবে। নাসার দাবি, এই প্রযুক্তিতে ভবিষ্যতে মঙ্গলেও মানুষ পাঠাতে পারবে তারা। এরমধ্যে তারা মহাসাগরের মাঝে কয়েক দফা মহড়াও দিয়েছে।

জানা গেছে, আগে নাসা মহাকাশে অভিযান চালাত স্পেস শাটলের মাধ্যেম। কিন্তু ২০১১ সালে স্পেস শাটল প্রোগ্রাম বন্ধ করে নতুন প্রযুক্তির দিকে ঝুঁকে পড়ে তারা। যে ক্যাপসুলকে মানুষ বহনের কাজে ব্যবহার করা হবে সেটি কিভাবে চাঁদ পর্যন্ত পৌছাবে এ প্রশ্নে জবাবে নাসার পক্ষ থেকে বলা হয়েছে, এটি এপোলো ক্যাপসুল থেকে বহুগুণে উন্নত মানের। একে একটি স্পেস লঞ্চ সিস্টেমের সঙ্গে যুক্ত করে দেয়া হবে। এরপর সিস্টেমটি চাঁদের দিকে উড়াল দেবে। চাঁদ থেকে নির্দিষ্ট দূরত্বে গিয়ে সিস্টেমটি ওই ক্যাপসুলকে নির্দিষ্ট গতিপথে ছুড়ে মারবে। এরপর স্পেস লঞ্চ সিস্টেম আবার পৃথিবীতে ফিরে আসবে।



চাঁদ থেকে ক্যাপসুলটি ফিরে আসবে কিভাবে এ ব্যাপারে নাসা জানিয়েছে, যে স্পেস লঞ্চ সিস্টেম ক্যাপসুলটিকে চাঁদে পৌঁছে দিয়ে পৃথিবীতে ফিরে এসেছিল সেটি আবার তাকে ফিরিয়ে আনতে যাবে। তবে এটি চাঁদের মাটিতে নামবে না। অনেক উপর থেকে আরেকটি লঞ্চার ছুড়ে দেবে। লঞ্চারটি চাঁদে উড়ে গিয়ে ওই ক্যাপসুলটিকে ধরে আবার ফিরে এসে স্পেস সিস্টেমে যুক্ত হবে। এরপর তারা পৃথিবীর দিকে রওনা হবে। পৃথিবী থেকে কয়েক'শো কিলোমিটার উঁচুতে থাকা অবস্থাতেই লঞ্চারটি থেকে ক্যাপসুলটি মুক্ত হয়ে যাবে। এরপর একটি প্যারাস্যুট খুলে যাবে যেন ক্যাপসুলটি ধীরে ধীরে পৃথিবীতে এসে পড়ে। এমন স্থানে ক্যাপসুলটি ছাড়া হবে যাতে এটি কোনও একটি মহাসাগরে এসে পড়ে। আর মহাসাগরে জাহাজ নিয়ে আগে থেকেই তৈরী থাকবে আরেকটি বাহিনী। তারা দ্রুত গিয়ে সাগর থেকে ক্যাপসুলটি তুলে তার মধ্য থেকে মানুষটিকে বের করে আনবে। তবে দেশটির কোনও কোনও মহল নতুন এই অভিযানের সমালোচনা করে বলেছে, এতে আগের মিশনের চেয়ে কয়েক গুন বেশি ব্যয় হবে। এটাকে তারা অপচয় বলে অভিহিত করেছেন।

## সুধা অ্যাপারেলস লিমিটেড

CIN : L17299WB1981PLC033331
রেজিস্টার্ড অফিস : ২/৫, শরৎ বোস রোড, সুখ সাগর, ফ্ল্যাট নং- ৮এ কলকাতা-৭০০০২০
ওয়েবসাইট : www.sudhaapparels.com
ইমেল : secretarial@sudhaapparels.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ এর ৪৭ নং ধারা অনুযায়ী, বৃহস্পতিবার ৮ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে কোম্পানীর রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত পরিচালক পর্ষদের সভাতে ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে।
বিজ্ঞপ্তিটি কোম্পানীর ওয়েবসাইট www.sudhaapparels.com ও স্টক এক্সচেঞ্জের এই ওয়েবসাইটে www.cse-india.com পাওয়া যাবে।

সুধা অ্যাপারেলস লিমিটেড-এর পক্ষে
স্থান : গুরগাঁও — রাজেশ গুপ্তা
তারিখ : ২৯.০১.২০১৮ — কোম্পানি সচিব

## OFFICE OF THE ASSISTANT ENGINEER

HOOGHLY ELECTRICAL SUB-DIVISION - I, PWDte
GOVT. OF WEST BENGAL
SARAT SARANI, KODALIA, HOOGHLY-712123

Notice Inviting Quotation No. - 39/Q of 2017 -18 Dated - 29.01.2018. Sealed Quotation is invited by the Assistant Engineer, Hooghly Electrical Sub-Division -I PWDte from experienced and resourceful contractors for the work. Details information of above work will be available in departmental website : www.pwdwb.in

Sd/-
Assistant Engineer, PWDte
Hooghly Electrical Sub-Division-I
Govt. of West Bengal

## কনজিকিউটিভ ইনভেস্টমেন্টস অ্যান্ড ট্রেডিং কোম্পানী লিমিটেড

CIN : L67120WB1982PLC035452
রেজিস্টার্ড অফিস: ২৩ গণেশ চন্দ্র এভেনিউ, তৃতীয় তল, কলকাতা- ৭০০ ০১৩
ই-মেল আইডি : tricon014@gmail.com
ফোন নং- ০৩৩-২২১১৪৪৫৭, ফ্যাক্স : ২২১১৪৪৫৭

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ -এর ৪৭ ও ২৯ নং ধারা অনুযায়ী, ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা, অনুমোদন ও নথিবদ্ধ করার জন্য বৃহস্পতিবার ৮ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে দুপুর ১২.৩০ টায় কোম্পানীর বোর্ড অফ ডিরেক্টরের একটি সভা কোম্পানীর রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে।
বিজ্ঞপ্তিটি কোম্পানীর ওয়েবসাইট www.consecutiveinvestment.com-এ উপলব্ধ।

বোর্ড-এর আদেশানুসারে
স্বাক্ষর
স্থান : কলকাতা — বিজয় কুমার জৈন
তারিখ : ২৯.০১.২০১৮ — ম্যানেজিং ডিরেক্টর

## হ্যামিলটন পোলস ম্যানুফ্যাকচারিং কো. লিমিটেড

CIN : L28991WB1981PLC033462
রেজিস্টার্ড অফিস: ৭, হেয়ার স্ট্রীট, চতুর্থচ্ছ তল, কলকাতা - ৭০০ ০০১
ই-মেল আইডি : hamiltonpoles@rediffmail.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া লিস্টিং রেগুলেশনস, ২০১৫ -এর ২৯নং ধারা অনুযায়ী, ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল অনুমোদনের জন্য মঙ্গলবার, ১৩ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে দুপুর ১২.৩০টায় হ্যামিলটন পোলস ম্যানুফ্যাকচারিং কো. লিমিটেড-এর বোর্ড অফ ডিরেক্টর-এর একটি সভা কোম্পানীর রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে। আর্থিক ফলাফল ঘোষণা করার জন্য কোম্পানীর সিকিউরিটি সংক্রান্ত ট্রেডিং উইন্ডো ৩০ জানুয়ারি, ২০১৮ থেকে স্টক এক্সচেঞ্জে আর্থিক ফল ঘোষণা করার ৪৮ ঘন্টা পর্যন্ত বন্ধ থাকবে।

হ্যামিলটন পোলস ম্যানুফ্যাকচারিং কো. লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
স্থান : কলকাতা — অপর্ণা শর্মা
তারিখ : ২৯.০১.২০১৮ — ডিরেক্টর
DIN : 07006877

## ট্রাইডেন্ট ইন্ডিয়া লিমিটেড

CIN No. L52110WB1985PLC196555
রেজিস্টার্ড অফিস : ২৩, গণেশ চন্দ্র অ্যাভেনিউ, তৃতীয় তল, কলকাতা-৭০০০১৩
ইমেল : triindialtdfr@gmail.com
ফোন : ০৩৩-২২১১ ৪৪৫৭, ফ্যাক্স : ২২১১ ৪৪৫৭

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ -এর ৪৭ ও ২৯ নং ধারা অনুযায়ী, ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা, অনুমোদন ও নথিবদ্ধ করার জন্য বৃহস্পতিবার ৮ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে দুপুর ৩ টায় কোম্পানীর বোর্ড অফ ডিরেক্টরের একটি সভা কোম্পানীর রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে।
বিজ্ঞপ্তিটি কোম্পানীর ওয়েবসাইট www.triindialtd.com-এ উপলব্ধ।

বোর্ড-এর আদেশানুসারে
স্বাক্ষর
স্থান : কলকাতা — আদ্যা গুপ্তা
তারিখ : ২৯.০১.২০১৮ — কোম্পানী সচিব

## কল্পতরু ইঞ্জিনিয়ারিং লিমিটেড

CIN : L27104WB1980PLC033133
রেজিস্টার্ড অফিস: ১৯৫, ব্লক-জে, নিউ আলিপুর, কলকাতা - ৭০০ ০৭১
ই-মেল আইডি : kalpataruenggltd@gmail.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সিকিউরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া লিস্টিং রেগুলেশনস, ২০১৫ -এর ২৯নং ধারা অনুযায়ী, ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল অনুমোদনের জন্য বুধবার, ১৪ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে দুপুর ১টায় কল্পতরু ইঞ্জিনিয়ারিং লিমিটেড-এর বোর্ড অফ ডিরেক্টর-এর একটি সভা কোম্পানীর রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে। আর্থিক ফলাফল ঘোষণা করার জন্য কোম্পানীর সিকিউরিটি সংক্রান্ত ট্রেডিং উইন্ডো ৩০ জানুয়ারি, ২০১৮ থেকে স্টক এক্সচেঞ্জে আর্থিক ফল ঘোষণা করার ৪৮ ঘন্টা পর্যন্ত বন্ধ থাকবে।

বোর্ড-এর আদেশানুসারে
কল্পতরু ইঞ্জিনিয়ারিং লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
স্থান : কলকাতা — বরখা জৈন
তারিখ : ২৯.০১.২০১৮ — কোম্পানী সচিব

## এমরাল্ড কমার্শিয়াল লিমিটেড

১৮, রবীন্দ্র সরণী, পোদ্দার কোর্ট গেট নং-৪, চতুর্থ তল, রুম নং-৪, কলকাতা - ৭০০ ০০১
ই-মেল আইডি : emrald.com@gmail.com
CIN : L29299WB1983PLC036040

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি লিস্টিং অবলিগেশনস রেগুলেশনস, ২০১৫ -এর ২৯নং ধারা অনুযায়ী, ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও ৯ মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফল অনুমোদনের জন্য বুধবার, ১৪ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে দুপুর ৩ টায় এমরাল্ড কমার্শিয়াল লিমিটেড-এর বোর্ড অফ ডিরেক্টরের একটি সভা কোম্পানীর রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে।
নিরীক্ষিত আর্থিক ফলাফল ঘোষণা করার জন্য কোম্পানীর সিকিউরিটি সংক্রান্ত ট্রেডিং উইন্ডো ৩০ জানুয়ারি, ২০১৮ থেকে স্টক এক্সচেঞ্জে আর্থিক ফল ঘোষণা করার ৪৮ ঘন্টা পর পর্যন্ত বন্ধ থাকবে।

বোর্ডের আদেশানুসারে
এমরাল্ড কমার্শিয়াল লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
স্থান : কলকাতা — অনিশা আগরওয়াল
তারিখ : ২৯.০১.২০১৮ — (কোম্পানী সচিব)

## শুভশ্রী কমার্শিয়াল কোম্পানী লিমিটেড

CIN : L74999WB1980PLC032806
রেজিস্টার্ড অফিস : ১১, আর.এন.মুখার্জী রোড, কলকাতা - ৭০০০০১
ফোন : ৪০০৫-৩৫৭২/৩৫৭০, ফ্যাক্স : ২২৪৮ ৫৯২৬
ই-মেল আইডি - kanak@asksuskan.com
ওয়েবসাইট : http://www.suskan.co.in

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফল নথিবদ্ধ করার জন্য ১৩ ফেব্রুয়ারি, ২০১৮, দুপুর ২.৩০ টায় কোম্পানীর বোর্ড অফ ডিরেক্টরদের একটি সভা কোম্পানীর রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে।

বোর্ডের আদেশানুসারে
শুভশ্রী কমার্শিয়াল কোম্পানী লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
স্থান : কলকাতা — কে.কে. জৈন
তারিখ : ২০.০১.২০১৮ — ডিরেক্টর

## স্টেবল ট্রেডিং কোম্পানি লিমিটেড

CIN : L27204WB1979PLC032215
রেজিস্টার্ড অফিস : ২/৫, শরৎ বোস রোড, সুখ সাগর, ফ্ল্যাট নং- ৮এ কলকাতা-৭০০০২০
ওয়েবসাইট : www.stabletrading.in
ইমেল : secretarial@strabletrading.in

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ এর ৪৭ নং ধারা অনুযায়ী, বৃহস্পতিবার ৮ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে কোম্পানীর রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত পরিচালক পর্ষদের সভাতে ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে।
বিজ্ঞপ্তিটি কোম্পানীর ওয়েবসাইট www.stabletrading.in ও স্টক এক্সচেঞ্জের এই ওয়েবসাইটে www.cse-india.com পাওয়া যাবে।

স্টেবল ট্রেডিং কোম্পানি লিমিটেড-এর পক্ষে
স্থান : গুরগাঁও — আস্থা ওয়াহি
তারিখ : ২৯.০১.২০১৮ — কোম্পানি সচিব

## TWENTY FIRST CENTURY (INDIA) LIMITED

CIN: L51109WB1997PLC084818
MERCANTILE BUILDING, 9/12, LAL BAZAR STREET, "B" BLOCK 3RD FLOOR, KOLKATA 700001, PH 033-2231 2890
Email ID: twentyfirstltd21@gmail.com,
Website:www.21stcenturyindia.in

NOTICE OF BOARD MEETING

Pursuant to Regulation 29(1) read with Regulation 47 of the SEBI Listing Regulations 2015, Notice is hereby given that the Board of Directors of Twenty First Century (I) Ltd that Board Meeting will be held on 7th February 2018 at 1.30 P.M at its Registered office at 9/12, Lal bazar Street 3rd Floor, Block B, Kolkata 700 001 for the following business: 1. To Consider the Unaudited financial result for the quarter/Half yearly ended 31st December 2017. 2. To consider other matter if any, with permission of the board.

By order of the Board
Sd/-
(Pradeep Kumar Garg)
DIN: 00067205
Managing Director
Date: 24th January, 2018
Place: Kolkata

## TRIPURARI FINVEST LTD

(CIN No: L17119WB1980PLC033157)
4, B B D BAG EAST, 5TH FLOOR R N 77 STEPHEN HOUSE, KOLKATA 700 001, Phone No- 033-2242 0751
Email: tripurarifinvest@gmail.com
Website: www.tripurarifinvest.co.in

NOTICE OF BOARD MEETING

Pursuant to Regulation 29(1) read with Regulation 47 of the SEBI Listing Regulations 2015, Notice is hereby given that the Board of Directors of TRIPURARI FINVEST LTD that Board Meeting will be held on 7th February 2018 at 2.30 P.M at its Registered office for the following business:
1. To Consider the Unaudited financial result for the quarter/ Half yearly
ended 31st December 2017.
2. To consider other matter if any, with permission of the board.

By order of the Board
Sd/-
Sandeep Garg
Din: 02033762
Managing Director
Date: 24th January, 2018
Place: Kolkata

## SHYAMA INFOSYS LTD

CIN:L24235MH1996PLC057150
B 6, HEMA INDUSTRIAL ESTATE SARVODAYA NAGAR, JOGESHWARI EAST MUMBAI 400060, MAHARASHTRA
email:Shyamainfosys57@gmail.com
Website: www.shyamainfosy.in

NOTICE OF BOARD MEETING

Pursuant to Regulation 29(1) read with Regulation 47 of the SEBI Listing Regulations 2015, Notice is hereby given that the Board of Directors of SHYAMA INFOSYS LTD that Board Meeting will be held on 8th February 2018 at 1.30 P.M at its Corporate office at Stephen house 4 B B D Bag (East) 5th floor Kolkata 700 001 for the following business:
1. To Consider the Unaudited financial result for the quarter/ Half yearly ended 31st December 2017.
2. To consider other matter if any, with permission of the board.

By order of the Board
Sd/-
(Pradeep Kumar Garg)
DIN: 00067205
Managing Director
Date: 24th January, 2018
Place: Kolkata

## G R INDUSTRIES & FINANCE LTD

CIN:L25209WB1987PLC111041
4 B B D BAG (E), 5TH FLOOR ROOM NO 77, STEPHEN HOUSE, KOLKATA 700001, ph-033 2242 0751
email:infogrindustries@gmail.com
Website: www.grindustry.in

NOTICE OF BOARD MEETING

Pursuant to Regulation 29(1) read with Regulation 47 of the SEBI Listing Regulations 2015, Notice is hereby given that the Board of Directors of G R INDUSTRIES & FINANCE LIMITED that Board Meeting will be held on 7th February 2018 at 2.30 P.M at its Registered office for the following business: 1. To Consider the Unaudited financial result for the quarter/Half yearly ended 31st December 2017. 2. To consider other matter if any, with permission of the board.

By order of the Board
Sd/-
(Anil Kumar Khemka)
DIN: 00116728
Managing Director
Date: 24th January, 2018
Place: Kolkata

## ECOWAVE INFOTECH LTD

CIN: L17219WB1979PLC032310
6A, CLIVE ROW 4TH FLOOR R N 6/15, KOLKATA 700 001
email:ecowaveinfotech79@gmail.com
www.ecowaveinfotech.co.in

NOTICE OF BOARD MEETING

Pursuant to Regulation 29(1) read with Regulation 47 of the SEBI Listing Regulations 2015, Notice is hereby given that the Board of Directors of M/s Ecowave Infotech Ltd (formerly known as Oasis Cine Communication Ltd) that Board Meeting will be held on 7th February 2018 at 12.30 P.M at its Registered office at 6A, Clive Row, 4th floor Room no 6/15 Kolkata 700001 for the following business: 3. To Consider the Unaudited financial result for the quarter/Half yearly ended 31st December 2017. 1. To consider other matter if any, with permission of the board.

By order of the Board
Sd/-
(Pradip Dey)
DIN: 00069510
Managing Director
Date: 24th January, 2018
Place: Kolkata

## MADHYAMGRAM MUNICIPALITY

P.O. Madhyamgram, Dist. North 24 Parganas, Kolkata - 700129]

Tender Notice

Sealed e-tenders are invited from the bonafied and resourceful agencies by the Chairman, Madhyamgram Municipality through the following N.I.T. bearing no. WBMAD/MM/EL/NIT-12e/2017-18; WBMAD/MM/EL/NIT-13e/2017-18; WBMAD/MM/EL/NIT-14e/2017-18; WBMAD/MM/EL/NIT-15e/2017-18; WBMAD/MM/EL/NIT-16e/2017-18; WBMAD/MM/EL/NIT-17e/2017-18; WBMAD/MM/EL/NIT-18e/2017-18; WBMAD/MM/EL/NIT-19e/2017-18; WBMAD/MM/EL/NIT-20e/2017-18; WBMAD/MM/EL/NIT-21e/2017-18; WBMAD/MM/EL/NIT-22e/2017-18; WBMAD/MM/EL/NIT-23e/2017-18 & NIT bearing no. WBMAD/MM/NIT-25e/2017-18.
Tender details will be available from the website https://wbtenders.gov.in. The municipal authority has every right to accept or reject any tender without assigning any reason.

Sd/-
Executive Officer
Madhyamgram Municipality